# দ্বিতীয় অধ্যায়: অর্থায়নের উৎস

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶১** মি. হৃদয় ও সামুয়েল একটি ব্যবসায়ের মালিক। তারা এ বছর তাদের ব্যবসায়ে কিছু যন্ত্রপাতি কেনার পরিকল্পনা করেছেন। আর এর অর্থায়ন তারা অভ্যন্তরীণ উৎস থেকে করবেন বলে ঠিক করেছেন। বর্তমান বছরে পর্যাপ্ত মুনাফা হওয়ায় তারা বেশি লভ্যাংশ দেওয়ার পরিকল্পানা করেছেন। ◀ *শিখনফল-১*

ক. সঞ্চিতি তহবিল কী? ১

খ. তহবিল সংগ্রহের বাহ্যিক উৎস কেন বেশি জনপ্রিয়? ২

গ. তারা যন্ত্রপাতি কেনার ক্ষেত্রে কীভাবে অভ্যন্তরীণ উৎস থেকে অর্থ সংগ্রহ করতে পারে? বর্ণনা করো। ৩

ঘ. লভ্যাংশ দেওয়ার ক্ষেত্রে তাদের গৃহীত পদক্ষেপটি কতটুকু যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** অবণ্টিত মুনাফা আলাদা করে যে তহবিলে রাখা হয় তাকে সঞ্চিতি তহবিল বলা হয়।

**খ** তহবিল সংগ্রহের জন্য বাহ্যিক উৎসগুলো অভ্যন্তরীণ উৎসের চেয়ে বেশি লাভজনক হওয়ায় এটি জনপ্রিয়।

ব্যাংক থেকে ঋণ গ্রহণ করার মাধ্যমে ব্যবসায় দীর্ঘমেয়াদি অর্থসংস্থান করা অর্থায়নের একটি বাহ্যিক উৎস। এ উৎসটি জনপ্রিয় হওয়ার দুইটি কারণ আছে। প্রথমত, এ উৎসের সুদ পরিশোধের পরে মুনাফার ওপর কর ধার্য করা হয় বলে কর কম দিতে হয়। আর ছোট ছোট ব্যবসায়ের মূলধনের প্রয়োজন অনেক সময় অভ্যন্তরীণ অর্থায়নের তুলনায় বেশি হয়। সেক্ষেত্রে বহিস্থ তহবিলই প্রধান উৎস হিসেবে কাজ করে।

**গ** উদ্দীপকে মি. হৃদয় ও সামুয়েল যন্ত্রপাতি কেনার জন্য অভ্যন্তরীণ উৎসের নিজস্ব তহবিল থেকে অর্থ সংগ্রহ করতে পারে।

কারবারের প্রয়োজনে মালিকের কাছ থেকে যে তহবিল সংগ্রহ করা হয় তা অভ্যন্তরীণ উৎস। নগদ তহবিল ছাড়াও মালিক ব্যবসায়ে ভূমি, শ্রম, যন্ত্রপাতি ইত্যাদি সরবরাহ করে। আর অংশীদারবৃন্দ ব্যবসায়ে যে তহবিল বিনিয়োগ করে তা নিজস্ব মূলধন হিসেবে বিবেচিত হয়।

উদ্দীপকে মি. হৃদয় ও সামুয়েল একটি ব্যসায়ের মালিক। তারা তাদের ব্যবসায়ে কিছু যন্ত্রপাতি কেনার চিন্তা করছেন। এজন্য তারা অভ্যন্তরীণ উৎস থেকে অর্থায়ন করবেন বলে ঠিক করেছেন। প্রতিষ্ঠানের মালিকের তহবিল থেকে অর্থ সংগ্রহ করা উত্তম। এ তহবিলের বিপরীতে কোনো সুদ দিতে হয় না। সুতরাং, তহবিলের অভ্যন্তরীণ উৎস শর্তহীন হওয়ায় মি. হৃদয় ও সামুয়েল যন্ত্রপাতি কেনার জন্য এ উৎস ব্যবহার করতে পারেন।

**ঘ** বর্তমান বছরে মুনাফার পরিমাণ বেশি হওয়ায় তাদের লভ্যাংশ দেওয়ার পদক্ষেপটি যুক্তিযুক্ত হয়েছে বলে আমি মনে করি।

সাধারণত প্রতিষ্ঠানের অংশীদাররা নিয়মিতভাবে লভ্যাংশ পেয়ে থাকে। লভ্যাংশ দেওয়ার সাথে প্রতিষ্ঠানের সুনাম জড়িত। প্রতিষ্ঠানের মুনাফা বেশি হলে লভ্যাংশের পরিমাণও বেশি দেওয়া হয়।

উদ্দীপকে মি.হৃদয় ও সামুয়েল একটি ব্যবসায়ের মালিক। তারা নিজস্ব অর্থায়নে প্রতিষ্ঠানের জন্য কিছু যন্ত্রপাতি কেনার পরিকল্পনা করেছেন। বর্তমান বছরে তাদের ব্যবসায়ে পর্যাপ্ত মুনাফা হয়েছে। তাই তারা এ বছর বেশি পরিমাণ লভ্যাংশ দেওয়ার পরিকল্পনা করেছেন।

বিনিয়োগকারীদের যেকোনো প্রতিষ্ঠানে বিনিয়োগের মূল উদ্দেশ্য থাকে মুনাফা অর্জন। প্রতিষ্ঠানে যত বেশি মুনাফা হয় বিনিয়োগকারীরা তত বেশি লভ্যাংশের প্রত্যাশা করে। লভ্যাংশ না দিলে বা প্রত্যাশার থেকে কম দিলে বিনিয়োগকারীগণ এ ধরনের ব্যবসায় প্রতিষ্ঠানে অর্থায়ন করতে নিরুৎসাহিত হয়। সুতরাং বলা যায়, লভ্যাংশ দেওয়ার সাথে প্রতিষ্ঠানের সুনাম জড়িত থাকায় লভ্যাংশ দেওয়ার পদক্ষেপটি যৌক্তিক হয়েছে।

**প্রশ্ন ▶২** 'বিশ্বরঙ' প্রতিষ্ঠানটি বিভিন্ন উৎসবে নিত্যনতুন পোশাক বাজারজাত করে থাকে। ২০১৭ সালের ঈদকে সামনে রেখে ভিন্নধর্মী পোশাক উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটি পরিকল্পনা করে। উৎপাদন কার্য পরিচালনা করতে অর্থ সংস্থানের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় প্রতিষ্ঠানটি এক্সিম ব্যাংক থেকে ঋণ নিয়ে তার প্রয়োজন মিটায়। ◀ *শিখনফল-৩*

ক. কুটির শিল্পে কোন ঋণ প্রদান করা হয়? ১

খ. বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. 'বিশ্বরঙ' এর অর্থসংস্থানটি কোন মেয়াদি? ব্যাখ্যা করো। ৩

ঘ. পরিবর্তনশীল চাহিদা পূরণে বিশ্বরঙের অর্থসংস্থানটি কতটা কার্যকর– তা বিশ্লেষণ করো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** কুটির শিল্পে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়।

**খ** বিশেষ খাতের উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক যে আর্থিক প্রতিষ্ঠান গড়ে তোলা হয় তাকে বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান বলা হয়।

কিছু বিশেষ খাতের উন্নয়নে এ ধরনের আর্থিক প্রতিষ্ঠান কাজ করে। এটি নির্দিষ্ট খাতে অপেক্ষাকৃত সুবিধাজনক শর্তে মেয়াদি ঋণ দিয়ে থাকে। উদাহরণস্বরূপ: শিল্প ব্যাংক, কৃষি ব্যাংক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প ইত্যাদি প্রতিষ্ঠান উল্লেখযোগ্য।

**গ** উদ্দীপকে 'বিশ্বরঙ' এর অর্থসংস্থানটি হলো স্বল্পমেয়াদি।

এক বছর বা তার কম সময়ের জন্য যে অর্থায়ন করা হয় তা হলো স্বল্পমেয়াদি অর্থসংস্থান। একটি প্রতিষ্ঠান এ ধরনের তহবিল ব্যবহার করে ব্যবসায়ের চলতি মূলধনের প্রয়োজন মেটায়।

উদ্দীপকে বিশ্বরঙ প্রতিষ্ঠানটি ঈদ, পূজাসহ নানা উৎসবে নিত্যনতুন পোষাক বাজারজাত করে থাকে। ২০১৭ সালের ঈদকে সামনে রেখে প্রতিষ্ঠানটি ভিন্নধর্মী পোশাক উৎপাদনের জন্য পরিকল্পনা করে। এক্ষেত্রে প্রতিষ্ঠানটির এক বছরের কম সময়ের জন্য অর্থের প্রয়োজন। আর এ অর্থসংস্থানে বিশ্বরঙ এক্সিম ব্যাংক থেকে ঋণ নেয়। এক্সিম ব্যাংক-এ পর্যায়ে বিশ্বরঙ-কে ২০১৭ সালের ঈদ পর্যন্ত অর্থাৎ স্বল্পমেয়াদের জন্য অর্থায়ন করেছে। এক্ষেত্রে প্রতিষ্ঠানটি এক বছরের মধ্যে উক্ত ঋণ পরিশোধ করবে।

**ঘ** উদ্দীপকে পরিবর্তনশীল চাহিদা পূরণে বিশ্বরঙের স্বল্পমেয়াদি অর্থসংস্থানটি যথার্থ।

স্বল্পমেয়াদি অর্থায়নের ক্ষেত্রে জামানতবিহীন ব্যাংক ঋণ একটি প্রধান উৎস। এক্ষেত্রে নির্দিষ্ট মেয়াদ শেষে সুদসহ আসল একসাথে পরিশোধ করা হয়। অনেক সময় ঋণগ্রহীতা নির্দিষ্ট সময়ের আগে ঋণের অর্থ পরিশোধ করলে ব্যাংক মোট প্রদেয় পরিমাণের ওপর কিছু ছাড় দিয়ে থাকে।

উদ্দীপকে 'বিশ্বরঙ' প্রতিষ্ঠানটি নিত্য নতুন পোশাক বাজারজাত করে থাকে। প্রতিষ্ঠানটি ২০১৭ সালের ঈদে ভিন্নধর্মী পোশাক উৎপাদনের জন্য পরিকল্পনা করছে। পরিকল্পনা বাস্তবায়নে বিশ্বরঙ এক্সিম ব্যাংক থেকে স্বল্পমেয়াদি ঋণ নেয়। এর ফলে প্রতিষ্ঠানটির চলতি মূলধনের চাহিদা পূরণ হয়।

'বিশ্বরঙ' এক্সিম ব্যাংক থেকে স্বল্পমেয়াদি ঋণ গ্রহণ করায় প্রতিষ্ঠানটিকে কোনো প্রকার জামানত দিতে হয়নি। উক্ত মেয়াদি ঋণ গ্রহণের ফলে প্রতিষ্ঠানটি নির্দিষ্ট সময় শেষে সুদসহ আসল পরিশোধ করার সুবিধা পাবে। এতে মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগে বিশ্বরঙকে কোনো সুদ প্রদান করতে হবে না। তবে প্রতিষ্ঠানটি যদি নির্দিষ্ট মেয়াদের পূর্বে সুদ ও আসল টাকা ফেরত দেয় তবে মোট প্রদেয় টাকার ওপর কিছু ছাড় পাবারও সুযোগ পাবে। তাই বলা যায়, পরিবর্তনশীল চাহিদা পূরণে বিশ্বরঙ এর মেয়াদি ঋণ সংগ্রহ যথার্থ হয়েছে।

**প্রশ্ন ▶৩** জনাব সেলিম যুব উন্নয়ন অধিদপ্তর থেকে পোল্টিফার্ম বিষয়ে প্রশিক্ষণ নেন। পরবর্তীতে তীক্ষ্ণ বুদ্ধিমত্তা, শ্রম ও সামান্য পুঁজি খাটিয়ে একটি মুরগির ফার্ম প্রতিষ্ঠা করেন। আর্থিক পরিকল্পনা, অর্থের উৎস নির্ধারণ এবং বিভিন্ন উৎস থেকে তহবিল সংগ্রহ ইত্যাদি কাজ তিনি নিজে করেন। প্রথমদিকে মুনাফা কম হলেও বর্তমানে এটি একটি সফল প্রতিষ্ঠান। ◀শিখনফল-৪

ক. স্টক লভ্যাংশ কী? ১

খ. কোনটি আদর্শ লভ্যাংশ নীতি? বর্ণনা করো। ২

গ. জনাব সেলিমের ব্যবসায়ের তহবিল সংগ্রহের উৎস বর্ণনা করো। ৩

ঘ. ঝুঁকি হ্রাস ও মুনাফা বাড়ার পেছনে জনাব সেলিমের ভূমিকা কী? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত শেয়ারের সংখ্যা আনুপাতিক হারে বাড়িয়ে যে লভ্যাংশ দেওয়া হয় তাকে স্টক লভ্যাংশ বলা হয়।

**খ** 'স্থির লভ্যাংশের সাথে অতিরিক্ত লভ্যাংশ নীতি' হলো একটি আদর্শ লভ্যাংশ নীতি।

অন্যান্য লভ্যাংশ নীতির তুলনায় এই নীতি বেশি অনুসরণীয়। যেসব কোম্পানির আয় স্থিতিশীল বা নিয়মিত নয় সেসব কোম্পানির জন্য এ নীতি বেশি উপযোগী। এ নীতি অনুযায়ী কোম্পানি প্রতিবছর ন্যূনতম স্থিতিশীল লভ্যাংশের সাথে অতিরিক্ত লভ্যাংশ দেয়।

**গ** উদ্দীপকে জনাব সেলিম অর্থায়নের বহিস্থ তহবিলের মধ্যমেয়াদি উৎসের বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান থেকে অর্থ সংগ্রহ করেছেন।

প্রতিষ্ঠানের বাহির থেকে সংগৃহীত তহবিলই হলো বহিস্থ তহবিল। এ ধরনের তহবিল মধ্যমেয়াদি অর্থসংস্থানের উৎস হিসেবে ব্যবহৃত হয়। সরকারি ও বেসরকারিভাবে বিশেষ কিছু আর্থিক প্রতিষ্ঠান এ ধরনের অর্থসংস্থান করে থাকে।

উদ্দীপকে জনাব সেলিম যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে মুরগির ফার্ম প্রতিষ্ঠা করেন। এ ব্যবসায়ে প্রয়োজনীয় অর্থের জন্য তিনি সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠানের সহায়তা নেন। এখানে জনাব সেলিম তার প্রতিষ্ঠানের বাইরে থেকে তহবিল সংগ্রহ করেছেন। এ ধরনের অর্থায়নের উৎস হিসেবে শিল্প ব্যাংক, কৃষি ব্যাংক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প ইত্যাদি সরকারি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান সহজ শর্তে ঋণ দেয়। এছাড়া মাইডাস, প্রশিকা, গ্রামীণ ব্যাংক ইত্যাদি বেসরকারি প্রতিষ্ঠান ঋণদানের পাশাপাশি পরামর্শ ও প্রশিক্ষণ দিয়ে থাকে। সুতরাং বলা যায়, জনাব সেলিম তার ব্যবসায়ের অর্থায়নে সরকারি ও বেসরকারি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানের সহায়তা নিয়েছেন।

**ঘ** উদ্দীপকে জনাব সেলিম সঠিক আর্থিক পরিকল্পনা তৈরি ও তহবিলের ভিন্ন ভিন্ন উৎসের সুবিধা-অসুবিধা বিশ্লেষণ করে প্রতিষ্ঠানের ঝুঁকি কমিয়ে মুনাফার পরিমাণ বাড়াতে পারবেন।

ব্যবসায় প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য হলো মুনাফা অর্জন। আর মুনাফার সাথে ঝুঁকি বিষয়টিও জড়িত। এই ধরনের ঝুঁকি বহিস্থ উৎস থেকে অর্থায়নসহ নানাবিধ কারণে তৈরি হয়।

উদ্দীপকে জনাব সেলিম যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে একটি পোল্টিফার্মের ব্যবসায় শুরু করেছেন। ব্যবসায়ের আর্থিক পরিকল্পনা, অর্থের উৎস নির্ধারণ ইত্যাদি কাজ তিনি নিজে করেন। এক্ষেত্রে প্রথমদিকে মুনাফা কম হলেও বর্তমানে এটি একটি সফল প্রতিষ্ঠান।

উদ্দীপকে জনাব সেলিম বহিস্থ উৎস থেকে ঋণ নিয়েছেন। বহিস্থ উৎস থেকে ঋণ ব্যবসায়ে ঝুঁকি তৈরি করে। কারণ ঋণকৃত মূলধনের জন্য সুদ দেওয়া বাধ্যতামূলক। তবে বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়া সহজ। এ ঋণের সুদের হারও তুলনামূলকভাবে কম। তাই এ ধরনের ঋণের আর্থিক প্রতিষ্ঠানগুলোর আর্থিক ঝুঁকির মাত্রাও কম। এভাবে জনাব সেলিম বিশেষায়িত প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে তার প্রতিষ্ঠানের আর্থিক ঝুঁকি কমিয়ে মুনাফার পরিমাণ বাড়াতে পারবেন।

**প্রশ্ন ▶৪** জনাব আরিফ বাটা প্রতিষ্ঠানের একজন আর্থিক ব্যবস্থাপক। প্রতিষ্ঠানটির উৎপাদন বাড়ানোর জন্য তিনি সম্প্রতি ভাড়া পরিশোধের চুক্তিতে একটি নতুন মেশিন সংযোজন করেন। জনাব আরিফ এই তহবিলের উৎস নির্ধারণের জন্য বিভিন্ন দিক বিবেচনা করেছেন। ◀শিখনফল-৫

ক. স্বল্পমেয়াদি অর্থায়নের প্রধান উৎস কোনটি? ১

খ. তহবিল সংগ্রহের বাহ্যিক উৎসগুলো জনপ্রিয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. নতুন মেশিন সংযোজনে জনাব আরিফ অর্থায়নের কোন উৎস ব্যবহার করেছেন? ৩

ঘ. জনাব আরিফ ব্যবসায় সম্প্রসারণের জন্য অর্থায়নের উৎস নির্বাচনে কোন বিষয়সমূহ বিবেচনা করবেন? ব্যাখ্যা করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** স্বল্পমেয়াদি অর্থায়নের প্রধান উৎস হলো জামানতবিহীন ব্যাংক ঋণ।

**খ** তহবিল সংগ্রহের জন্য বাহ্যিক উৎসগুলো অভ্যন্তরীণ উৎসের চেয়ে বেশি লাভজনক হওয়ায় এটি জনপ্রিয়।

ব্যাংক থেকে ঋণ নেওয়ার মাধ্যমে ব্যবসায় দীর্ঘমেয়াদি অর্থসংস্থান করা অর্থায়নের একটি বাহ্যিক উৎস। এটি জনপ্রিয় হওয়ার দুইটি কারণ আছে। প্রথমত, এটি সুদ পরিশোধের পরে মুনাফার ওপর কর ধার্য করা হয় বলে কর কম দিতে হয়। আর ছোট ছোট ব্যবসায়ের মূলধনের প্রয়োজন অনেক সময় অভ্যন্তরীণ অর্থায়নের তুলনায় বেশি হয়। সেক্ষেত্রে বহিস্থ তহবিলই প্রধান উৎস হিসেবে কাজ করে।

**গ** উদ্দীপকে জনাব আরিফ নতুন মেশিন সংযোজনে অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস লিজিং ব্যবহার করেছেন।

লিজিং হলো কোনো স্থায়ী সম্পত্তি যথা-মেশিন, যন্ত্রপাতি, যানবাহন ইত্যাদি না কিনে দীর্ঘমেয়াদের জন্য ভাড়া নিয়ে ব্যবহার করে। এটি দীর্ঘমেয়াদি অর্থায়নের একটি অভিনব পদ্ধতি।

উদ্দীপকে জনাব আরিফ বাটা প্রতিষ্ঠানের একজন আর্থিক ব্যবস্থাপক। প্রতিষ্ঠানে উৎপাদন বাড়ানোর জন্য তিনি একটি নতুন মেশিন সংযোজন করেন। ভাড়া পরিশোধ করার চুক্তিতে প্রতিষ্ঠানটি এটি ব্যবহার করবে। জনাব আরিফের প্রতিষ্ঠানে তহবিলের ঘাটতি ছিল। তাই তাৎক্ষণিক প্রয়োজনে তিনি মেশিন কিনতে পারেন নি। ফলে তিনি লিজিং-এর মাধ্যমে ভাড়া পরিশোধ করে মেশিনটি প্রতিষ্ঠানে ব্যবহার করে উৎপাদন অব্যাহত রেখেছেন। সুতরাং বলা যায়, আরিফের লিজিং নেওয়া দীর্ঘমেয়াদি অর্থায়নের অন্তর্গত।

**ঘ** জনাব আরিফ ব্যবসায় সম্প্রসারণের জন্য অর্থায়নের উৎস নির্বাচনে ব্যবসায়ের ধরন, জামানতযোগ্য সম্পত্তি, তহবিলের পরিমাণ, তহবিল উৎসের খরচ ও ঝুঁকি বিবেচনা করবেন।

ব্যবসায় প্রতিষ্ঠানের প্রয়োজনীয় অর্থ বিভিন্ন উৎস থেকে সংগ্রহ করা যায়। এসব উৎসের সুবিধা অসুবিধা বিচার-বিশ্লেষণের মাধ্যমে সর্বোৎকৃষ্ট উৎস নির্বাচন করা হয়। কারণ সঠিক উৎস নির্বাচনের ওপর ব্যবসায়ের সফলতা নির্ভর করে।

উদ্দীপকে আরিফ বাটা প্রতিষ্ঠানের একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের উৎপাদন বাড়ানোর জন্য ভাড়ার বিনিময়ে একটি মেশিন লিজ নিয়েছেন। তবে তার ব্যবসায় সম্প্রসারণের জন্য বড় তহবিল প্রয়োজন। এ জন্য তিনি তহবিলের উৎস নির্বাচনের জন্য বিভিন্ন বিষয় বিবেচনা করছেন।

উদ্দীপকে জনাব আরিফ উৎস নির্বাচনে প্রথমত তার ব্যবসায়ের ধরন বিবেচনা করবেন। এক্ষেত্রে তার প্রতিষ্ঠানটি কোম্পানি সংগঠন। এরপর তিনি নির্ধারণ করবেন তহবিলের ধরন। এক্ষেত্রে তিনি যদি ব্যবসায় সম্প্রসারণ করতে চান তবে সে জন্য তিনি দীর্ঘমেয়াদি অর্থায়ন করতে পারেন। কোম্পানি সংগঠন শেয়ার, ঋণপত্র, দীর্ঘমেয়াদি ব্যাংক ঋণ, লিজিং-এর মাধ্যমে অর্থায়ন করতে পারে। তবে জনাব আরিফ তার

প্রতিষ্ঠানে লিজিং-এর মাধ্যমে অর্থায়ন করেছেন। এক্ষেত্রে অন্যান্য উৎসগুলোও তার জন্য উপযুক্ত। আবার তহবিলের সব উৎসের খরচ এক না। তাই যে উৎসের ব্যয় কম হবে সেই উৎস নির্বাচন করতে হবে। এছাড়া তাকে তহবিলের উৎসের ঝুঁকিগুলোও বিবেচনা করতে হবে। এক্ষেত্রে দীর্ঘমেয়াদি ব্যাংক ঋণ নিলে এর জন্য সম্পত্তি জামানত রাখতে হবে। এছাড়াও ঋণের সুদ ও কিস্তি পরিশোধের ক্ষেত্রে আর্থিক ঝুঁকি তৈরি হতে পারে। সুতরাং, জনাব আরিফের ব্যবসায়ের প্রয়োজনীয় তহবিলের উৎস নির্বাচনে উপরে উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে।

**প্রশ্ন ▶৫** করিম একটি ব্যবসায় পরিকল্পনা করে। মুনাফা নিজেই ভোগ করে। কিন্তু রহিম, জামাল ও কামাল মিলে আরও একটি ব্যবসায় চালাচ্ছে। তাদের অর্থায়ন জটিল ও ঝামেলাপূর্ণ। করিমের অর্থায়ন হয়েছে নিজের জমানো টাকা ও কিছু ধার নিয়ে। ◀ *শিখনফল-১*

ক. অর্থায়নের উৎস হিসেবে সাধারণত কয়টি তহবিলের ব্যবহার করা হয়? ১
খ. অবণ্টিত মুনাফা কী? ব্যাখ্যা করো। ২
গ. তোমার কোনো এক প্রবাসী বন্ধু ইশতিয়াকের জন্য উদ্দীপকে প্রদত্ত কার/কাদের অর্থায়নকে তুমি সমর্থন করবে? ৩
ঘ. রহিম, জামাল ও কামালদের অর্থায়ন জটিল ও ঝামেলাপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়নের উৎস হিসেবে সাধারণত দুইটি তহবিল ব্যবহার করা হয়।

**খ** নিট মুনাফার যে অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন না করে কারবারে বিনিয়োগ করা হয় তাকে অবণ্টিত মুনাফা বলে।

ভবিষ্যতে ব্যবসায় সম্প্রসারণ করার জন্য এ অবণ্টিত মুনাফা একটি তহবিলে আলাদা করে রাখলে তা সঞ্চিতি তহবিল সৃষ্টি করে। আবার ভবিষ্যতের কোনো আর্থিক বিপর্যয় মোকাবিলার জন্যও এ অবণ্টিত মুনাফা ব্যবহার করা হয়ে থাকে।

**গ** প্রবাসী বন্ধু ইশতিয়াকের জন্য উদ্দীপকে প্রদত্ত করিমের অর্থায়নকে আমি সমর্থন করব।

মালিক নিজেই একমালিকানা ব্যবসায় পরিচালনা ও নিয়ন্ত্রণ করে থাকে। এ ব্যবসায়ে অর্থায়নের উৎস হলো মালিকের নিজের অর্থ। উৎপাদনের উপকরণ যেমন: ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন অর্থায়নের উৎস হিসেবে ব্যবহৃত হয়। এছাড়া বহিস্থ উৎস থেকে ঋণ নিয়েও এ ধরনের ব্যবসায়ে অর্থায়ন করা হয়।

উদ্দীপকের করিম একটি একমালিকানা ব্যবসায়ের পরিকল্পনা করেন। তিনি নিজের জমানো তহবিল থেকে কারবারে অর্থায়ন করেন। এছাড়া ব্যবসায়ের জন্য তিনি বহিস্থ উৎস থেকেও কিছু অর্থ ধার নিয়েছেন। প্রতিষ্ঠানের সব মুনাফা তিনি নিজেই ভোগ করেন। অপরদিকে, রহিম, জামাল ও কামাল এক্ষেত্রে অন্য একটি ব্যবসায় চালাচ্ছে। এটি একটি অংশীদারি প্রতিষ্ঠান। তবে তাদের ব্যসায়ের অর্থায়ন ঝামেলাপূর্ণ। এক্ষেত্রে প্রবাসী বন্ধু ইশতিয়াকের জন্য উদ্দীপকের করিমের অর্থায়ন উত্তম হবে। কারণ উদ্দীপকের করিমের ব্যবসায় প্রতিষ্ঠানটি একমালিকানা। এ ব্যবসায় সংগঠন সাধারণত ছোট হয়। তাই মালিক নিজেই এর অর্থের ব্যবস্থা করতে পারেন। আবার আত্মীয়-স্বজন বা ব্যাংক থেকে ঋণ নিয়েও অর্থায়ন করা যায়। এছাড়া এ ব্যবসায়ের সবচেয়ে বড় সুবিধা হলো মালিক নিজেই সব মুনাফা ভোগ করতে পারেন। তাই জনাব ইশতিয়াকের জন্য উদ্দীপকের করিমের অর্থায়নই উত্তম হবে।

**ঘ** মূলধন সংগ্রহে পদ্ধতিগত অসুবিধা থাকায় উদ্দীপকের রহিম, জামাল ও কামালের অর্থায়ন জটিল ও ঝামেলাপূর্ণ।

অংশীদারি ব্যবসায়ে চুক্তি অনুযায়ী সবাই একত্রে মূলধন সরবরাহ করে। তবে প্রতিষ্ঠানের প্রয়োজনে যৌথ দায়িত্বের কারণে কেউ এককভাবে মূলধন সরবরাহে এগিয়ে আসে না। আবার কেউ কেউ চুক্তি অনুসারে মূলধন বিনিয়োগ ছাড়াও অংশীদার হতে পারে।

উদ্দীপকের করিম একটি একমালিকানা ব্যবসায় পরিচালনা করেন। প্রতিষ্ঠানের প্রয়োজনীয় মূলধন তিনি তার নিজস্ব তহবিল থেকে সরবরাহ করেন। এছাড়া ব্যবসায়ের যাবতীয় মুনাফা তিনি একাই ভোগ করেন। অপরদিকে রহিম, জামাল ও কামালদের ব্যবসায়ের অর্থায়ন জটিল ও ঝামেলাপূর্ণ। অর্থাৎ উদ্দীপকের রহিম, জামাল ও কামালদের ব্যবসায়টি হলো অংশীদারি প্রতিষ্ঠান।

অংশীদারি ব্যসায়ের অর্থায়ন একমালিকানা ব্যবসায়ের মতো সহজ নয়। এক্ষেত্রে একাধিক অংশীদারের কাছ থেকে মূলধন সংগ্রহ করা হয়। তবে এ সংগঠনে পদ্ধতিগত অসুবিধা ও অংশীদারদের অসীম দায় থাকে। প্রয়োজনীয় মুহূর্তে এ ব্যবসায়ে মূলধন সংগ্রহ করা যায় না। উদ্দীপকের রহিম, জামাল ও কামালদের ব্যবসায়ে তাদের দায়িত্ব যৌথ। ফলে ব্যবসায়ের প্রয়োজনীয় মুহূর্তে তাদের কেউ এককভাবে মূলধন সরবরাহে এগিয়ে আসবে না। তাই বলা যায়, উদ্দীপকের রহিম, জামাল ও কামালদের অর্থায়ন প্রক্রিয়া অত্যন্ত জটিল ও ঝামেলাপূর্ণ।

**প্রশ্ন ▶৬** মধুফুল স্বনামধন্য একটি খাদ্যপ্রস্তুতকারী প্রতিষ্ঠান প্রতিদিন উন্নতমানের সিংগাড়া ও সমোচা বিক্রি করে এবং ভালো প্রসার পায়। প্রতিষ্ঠানের অর্ডার বেড়ে যাওয়ায় মধুফুলের মালিক মুনাফার মাধ্যমে সঞ্চিত অর্থ থেকে অর্থায়ন করেন। ◀ *শিখনফল-২*

ক. প্রবাসী বাঙালিদের পাঠানো অর্থকে কী বলে? ১
খ. বৈচিত্র্যায়ন নীতিটি ব্যাখ্যা করো। ২
গ. মধুফুল কোন উৎস থেকে নতুন অর্থায়ন করেছে তা বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মধুফুলের খাদ্য পণ্যের প্রসার পাওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** প্রবাসী বাঙালিদের পাঠানো অর্থকে রেমিটেন্স বলে।

**খ** ব্যবসায়ী বা বিনিয়োগকারী তার সব অর্থ একটি সম্পদে বিনিয়োগ না করে একাধিক সম্পদে বিনিয়োগ করার মাধ্যমে সার্বিক বিনিয়োগ ঝুঁকি কমানোর উপায়কে বৈচিত্র্যায়ন নীতি বলে।

বৈচিত্র্যায়ন নীতি দ্বারা একজন বিনিয়োগকারী সর্বদা বিপরীতধর্মী প্রতিষ্ঠানে বিনিয়োগ করবে, যা দ্বারা একটি বিনিয়োগ সম্পূর্ণ ঝুঁকিগ্রস্ত হলেও বিপরীতধর্মী বিনিয়োগটি সর্বোচ্চ মুনাফা নিশ্চিত করবে। এর মাধ্যমে বিনিয়োগকারীর মোট বিনিয়োগের ঝুঁকি কমে এবং একটি আদর্শ হারে কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়।

**গ** উদ্দীপকে মধুফুল অভ্যন্তরীণ উৎসের সঞ্চিতি তহবিল থেকে অর্থায়ন করেছে।

অবণ্টিত মুনাফা যে তহবিলে আলাদা করে সংরক্ষণ করা হয় তা হলো সঞ্চিতি তহবিল। ভবিষ্যতের আর্থিক বিপর্যয় মোকাবিলার উদ্দেশ্যে এ তহবিল সৃষ্টি করা হয়।

উদ্দীপকের মধুফুল একটি স্বনামধন্য খাদ্যপ্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি প্রতিদিন উন্নতমানের সিংগাড়া ও সমোচা বিক্রি করে। এতে ব্যবসায় প্রসার হয়। এছাড়া প্রতিষ্ঠানে অর্ডার বেড়ে যাওয়ায় মধুফুলের মালিক মুনাফার মাধ্যমে সঞ্চিত অর্থ থেকে অর্থায়ন করেন। অর্থাৎ মধুফুল অভ্যন্তরীণ উৎস থেকে অর্থ সংগ্রহ করেছে। নিট মুনাফা মালিকদের মধ্যে বণ্টন না করে আলাদাভাবে রেখে দেওয়া হয়। এই সঞ্চিত তহবিল ভবিষ্যতে ব্যবসায় প্রসারে ব্যবহৃত হয়। উদ্দীপকের খাদ্যপ্রস্তুতকারী প্রতিষ্ঠান মধুফুলও তাদের মুনাফা থেকে সৃষ্ট তহবিল থেকে অর্থায়ন করেছে।

**ঘ** খাদ্যপ্রস্তুতকারী প্রতিষ্ঠান মধুফুলের খাদ্য পণ্যের প্রসার পাওয়ার মূল কারণ হলো উন্নতমানের সিংগারা ও সমোচা।

বাজারে উন্নতমানের পণ্যের চাহিদা সব সময়। কারণ ক্রেতারা সব সময় তাদের পছন্দ অনুযায়ী উন্নতমানের পণ্যকে প্রাধান্য দেয়। এজন্য অধিকাংশ খাদ্যপ্রস্তুতকারী প্রতিষ্ঠান পণ্যের মান উন্নয়নের ওপর জোর দেয়।

উদ্দীপকের মধুফুল একটি খাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ভালো মানের খাদ্য পণ্যের জন্য স্বনামধন্য। তারা প্রতিদিন উন্নতমানের সিংজ্ঞারা ও সমোচা বিক্রি করে। ফলে ব্যবসায়ের প্রসার বাড়ে। কেননা পণ্যের মানের ওপর নির্ভর করে প্রতিষ্ঠানের সাফল্য।

খারাপ মানের পণ্যের চাহিদা বাজারে কম থাকে। উদ্দীপকের মধুফুলের মালিক খাদ্যদ্রব্যের মানের দিকে বিশেষ লক্ষ রাখেন। তার প্রতিষ্ঠান উন্নতমানের খাদ্যদ্রব্য প্রস্তুত করে। তাই এগুলো বিক্রিও হয় বেশি। এ কারণে তার ব্যবসায়ের প্রসারও বাড়ে।

**প্রশ্ন ▶ ৭** মি. সামিন একজন ব্যবসায়ী। তার ব্যবসায়ে অর্থের প্রয়োজন হলে তিনি অধিকাংশ সময়ই কারবারের মুনাফা ও নিজস্ব তহবিল থেকে অর্থায়ন করে থাকেন। তবে বড় অঙ্কের অর্থের প্রয়োজন হলে তিনি ব্যাংক থেকে ঋণ নেন। ◀ *শিখনফল-১ ও ৩*

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. লভ্যাংশ সমতাকরণ তহবিল কী? ব্যাখ্যা করো। ২

গ. মি. সামিনের ব্যবসায়ের অধিকাংশ সময়ে অর্থায়ন, অর্থায়নের কোন উৎসকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. সামিনের ব্যবসায়ের অর্থায়নের দ্বিতীয় উৎসটি বেশি জনপ্রিয় কেন? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য যে অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে তাকে ব্যবসায় অর্থায়ন বলে।

**খ** কোনো বছর প্রতিষ্ঠানে মুনাফার ঘাটতি দেখা দিলে পূর্ব বছরের মুনাফা দিয়ে তৈরি যে তহবিল থেকে শেয়ারহোল্ডারদের লভ্যাংশ দেওয়া হয় তাকে লভ্যাংশ সমতাকরণ তহবিল বলে।

লভ্যাংশ দেওয়ার সাথে কোম্পানির সুনাম জড়িত। তবে কোনো বছর মুনাফার পরিমাণ কম হলে সে বছর লভ্যাংশ ঘোষণা করা সম্ভব হয় না। কিন্তু এ অবস্থা ব্যবসায়ের সুনামকে ক্ষুণ্ন করতে পারে। তাই অনেক ব্যবসায় প্রতিষ্ঠান যে বছরগুলোতে মুনাফা বেশি হয় সে বছর নিট মুনাফার একটি অংশ লভ্যাংশ সমতাকরণ তহবিলে সরিয়ে রাখে।

**গ** মি. সামিনের ব্যবসায়ের অধিকাংশ সময়ের অর্থায়ন অভ্যন্তরীণ উৎসকে নির্দেশ করে।

অর্থায়নের অভ্যন্তরীণ তহবিল হলো মালিকের সঞ্চিত বা অব্যবহৃত মুনাফা। এ ধরনের তহবিলের বিপরীতে কোনো সুদ দিতে হয় না।

উদ্দীপকের মি. সামিন একজন ব্যবসায়ী। তার ব্যবসায়ে প্রায়ই অর্থের প্রয়োজন হয়। অধিকাংশ সময় তিনি প্রতিষ্ঠানের মুনাফা ও নিজস্ব তহবিল থেকে অর্থায়ন করেন। এ ধরনের উৎস থেকে অর্থ সংগ্রহ করা সহজ। কারণ এতে কোনো আনুষ্ঠানিকতা পালন করতে হয় না। তাছাড়া এ অর্থ পরিশোধের নির্দিষ্ট সময় বা বাধ্যবাধকতা থাকে না। এজন্য মি. সামিন অধিকাংশ সময় তার ব্যবসায়ের প্রয়োজনীয় অর্থ অভ্যন্তরীণ উৎস থেকে সংগ্রহ করেন।

**ঘ** মি. সামিনের ব্যবসায়ের অর্থায়নের দ্বিতীয় উৎসটি হলো ব্যাংক ঋণ।

প্রতিষ্ঠানের বাইরের একটি উৎস হলো ব্যাংক ঋণ। এটি তহবিল সংগ্রহের একটি জনপ্রিয় উৎস। ব্যাংক ঋণের মাধ্যমে অর্থায়নে নির্দিষ্ট মেয়াদের মধ্যে ঋণের অর্থ সুদসহ পরিশোধ করতে হয়।

উদ্দীপকের মি. সামিন একজন ব্যবসায়ী। ব্যবসায় পরিচালনা করতে তার অর্থের প্রয়োজন হয়। এ অর্থ তিনি অধিকাংশ সময় নিজস্ব তহবিল থেকে সরবরাহ করেন। তবে বড় অঙ্কের অর্থের প্রয়োজন হলে তিনি ব্যাংক থেকে ঋণ নেন।

সাধারণত ছোট প্রতিষ্ঠানগুলোর অভ্যন্তরীণ তহবিল তুলনামূলক কম হয়। ফলে বহিস্থ উৎস থেকে অর্থ সংগ্রহের প্রয়োজন হয়। উদ্দীপকের মি. সামিন ব্যাংক থেকে ঋণ নেন। এটি অর্থায়নের একটি বহিস্থ উৎস। এ অর্থ পরিশোধের জন্য তিনি একটি নির্দিষ্ট সময় পাবেন। ব্যাংক ঋণে সুদের হার সুনির্দিষ্ট থাকে। এছাড়া ব্যাংক ঋণের অর্থ কিস্তিতে পরিশোধ করা যায়। ব্যবসায়ীদের জন্য এটি সুবিধাজনক। তাই অর্থায়নের এ উৎসটি জনপ্রিয়।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶ ৮** মুশফিক সাহেব অনেক দিন আমেরিকাতে বসবাস করেছেন। সম্প্রতি বাংলাদেশে এসে তিনি প্রচুর মূলধন খাটিয়ে একটি শিল্প কারখানা স্থাপন করেন। কারখানার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র কিনতে ব্যাংক থেকে তিনি ঋণ নেন। প্রথমদিকে মুনাফা কম হলেও পরবর্তীতে ব্যবসায় থেকে মুশফিক সাহেব প্রচুর মুনাফা অর্জন করেন। ◀ *শিখনফল-২*

ক. অর্থায়ন কী? ১

খ. অর্থায়ন সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২

গ. মুশফিক সাহেব কীভাবে ব্যবসায়ে সফল হয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সুচিন্তিত ও সুদক্ষ অর্থায়ন ব্যবস্থাপনার ফলে ব্যবসায় প্রতিষ্ঠানের ঝুঁকি কমে এবং মুনাফা বাড়ে'- বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** তহবিল সংগ্রহ ও এর ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়াকে অর্থায়ন বলা হয়।

**খ** মূলত একটি প্রতিষ্ঠানের মূলধন তহবিল সংগ্রহ করার সিদ্ধান্তকে অর্থায়ন সিদ্ধান্ত বলা হয়।

অর্থায়ন সিদ্ধান্তের আওতায় তহবিল সংগ্রহের জন্য ভিন্ন ভিন্ন উৎস নির্বাচন এবং এসবের সুবিধা-অসুবিধা বিশ্লেষণ করে অর্থায়ন সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ করা হয়। ব্যবসায় প্রতিষ্ঠান সাধারণত দীর্ঘমেয়াদি অর্থের প্রয়োজনে দীর্ঘমেয়াদি উৎস (ঋণ, লিজিং) থেকে, মধ্যমেয়াদি অর্থের প্রয়োজনে মধ্যমেয়াদি উৎস (বিশেষায়িত আর্থিক প্রাতষ্ঠান, বাণিজ্যিক ব্যাংক প্রদত্ত ঋণ) থেকে, আর স্বল্পমেয়াদি অর্থের প্রয়োজনে স্বল্পমেয়াদি উৎস (ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন, ক্রেতা থেকে অগ্রিম গ্রহণ) থেকে অর্থ সংগ্রহ করে থাকে। এছাড়াও মালিকপক্ষ নিজে থেকে অর্থ সরবরাহ বা শেয়ার বিক্রি করে অর্থ সংগ্রহের সিদ্ধান্ত নিতে পারেন।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

**গ** ব্যাংক ঋণের সুবিধা বর্ণনা করো।

**ঘ** সুষ্ঠু অর্থায়ন ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা আলোচনা করো।

**প্রশ্ন ▶ ৯** A ও B কোম্পানির নগদ অর্থের সংকট দেখা দিলে A কোম্পানি ধারে পণ্য ক্রয় করে। পক্ষান্তরে B কোম্পানি তাদের কাছে রক্ষিত বিল ব্যাংকে ভাঙিয়ে নেয়। ◀ *শিখনফল-৩*

ক. সঞ্চয় উৎসটি কোন ধরনের কারবারের জন্য উপযোগী? ১

খ. লিজিং বলতে কী বোঝ? ২

গ. A কোম্পানি অর্থায়নে কোন ধরনের তহবিল ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. A কোম্পানি অপেক্ষা B কোম্পানির অর্থায়নের ব্যয় বেশি- যুক্তি দাও। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** সঞ্চয় উৎসটি একমালিকানা কারবারের জন্য উপযোগী।

**খ** লিজিং দীর্ঘমেয়াদি অর্থায়নের একটি অভিনব পদ্ধতি।

একটি প্রতিষ্ঠানে ব্যয়বহুল মেশিন, যন্ত্রপাতি, যানবাহন ইত্যাদি সরাসরি না কিনে লিজের মাধ্যমে লিজিং কোম্পানি থেকে ভাড়া নিয়েও ব্যবহার করা যায়। তবে সেক্ষেত্রে মেশিনের মালিকানা সম্পদের লিজিং কোম্পানির কাছে থাকে। এতে লিজিং কোম্পানি নির্দিষ্ট হারে ভাড়া নেয়। সাধারণত নতুন প্রতিষ্ঠিত ব্যবসায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্থায়ী সম্পদ জামানতের ভিত্তিতে ঋণ দেওয়া সম্ভব হয় না। কারণ প্রাথমিক অবস্থায় প্রতিষ্ঠানের জামানতযোগ্য স্থায়ী সম্পদ থাকে না।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

**গ** বহিস্থ তহবিলের স্বল্পমেয়াদি অর্থায়ন সম্পর্কে বর্ণনা করো।

**ঘ** প্রদেয় বিল ও প্রাপ্য বিলের সুবিধা-অসুবিধা আলোচনা করো।

**প্রশ্ন ▶১০** শাহীন সন্স-এর কাছ থেকে মুন ব্রাদার্স কিছু মাল বাকিতে কেনেন। মুন ব্রাদার্স শাহীন সন্সকে একটি দলিলের মাধ্যমে এই মর্মে অঙ্গীকার করে যে, নির্দিষ্ট মেয়াদ (সাধারণত তিন মাস) শেষে নির্দিষ্ট পরিমাণ অর্থ পণ্য কেনা বাবদ পরিশোধ করবে। ◀ *শিখনফল-৩*

ক. অর্থায়নের উৎসকে কয় ভাগে ভাগ করা হয়েছে? ১
খ. সঞ্চিতি তহবিল কাকে বলে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত দলিলকে কী বলা হয়? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দলিলটি অর্থায়নের উৎসের যে শ্রেণির আওতাভুক্ত সে শ্রেণি সম্পর্কে আলোচনা করো। ৪

### ১০ নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়নের উৎসকে দুই ভাগে ভাগ করা যায়।

*সহায়ক তথ্য*

যেমন- ১. অভ্যন্তরীণ তহবিল, ২. বহিস্থ তহবিল।

**খ** অবন্টিত মুনাফা থেকে যে তহবিলে আলাদা করে রাখা হয় তাকে সঞ্চিতি তহবিল বলা হয়।

ব্যবসায় সম্প্রসারণের উদ্দেশ্যে এ ধরনের তহবিল সংগ্রহ করা হয়। তবে ভবিষ্যতের কোনো আর্থিক বিপর্যয় মোকাবিলার জন্যও সঞ্চিতি তহবিল সৃষ্টি করা যায়। ব্যবসায় সম্প্রসারণের জন্য এরূপ তহবিল ব্যবহার করা হয়।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

**গ** বিনিময় বিল সম্পর্কে বর্ণনা করো।

**ঘ** স্বল্পমেয়াদি অর্থায়নের প্রাতিষ্ঠানিক উৎস সম্পর্কে আলোচনা করো।

**প্রশ্ন ▶১১** জনাব শফিক একজন ব্যবসায়ী। ব্যবসায়ের শুরুতে তিনি নিজস্ব অর্থায়নে পণ্যসামগ্রী ক্রয় করেন। ব্যবসায়ের প্রসারের সাথে সাথে অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে তিনি ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন। ◀ *শিখনফল-২*

ক. বাণিজ্যিক পত্র কোন ধরনের অর্থায়নের উৎস? ১
খ. ঋণপত্র বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. জনাব শফিক কেন ব্যাংক ঋণ নিলেন? বর্ণনা করো। ৩
ঘ. "স্থায়ী বিনিয়োগ সাধারণত নিজস্ব তহবিল থেকেই হয়"- উক্তিটি যথার্থতা বিশ্লেষণ করো। ৪

### ১১ নং প্রশ্নের উত্তর

**ক** বাণিজ্যিক পত্র স্বল্পমেয়াদি অর্থায়নের অপ্রাতিষ্ঠানিক উৎস।

**খ** যে ঋণের দলিল বিক্রি করে কোম্পানি দীর্ঘমেয়াদি তহবিল সংগ্রহ করে তাকে ঋণপত্র বলে।

ঋণপত্রে নির্দিষ্ট একটি সুদের হার উল্লেখ থাকে। উক্ত হারে ঋণগ্রহীতা সুদ দিতে বাধ্য থাকে। ঋণপত্রের মাধ্যমে পাঁচ বছর থেকে দীর্ঘমেয়াদি যেকোনো সময়ের জন্য ঋণ নেওয়া হয়। এক্ষেত্রে সুদের হার স্থির ও পূর্ব নির্ধারিত থাকে বলে আর্থিক ব্যবস্থাপকরা দক্ষতার সাথে অর্থায়ন পরিকল্পনা করতে পারে।

***সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ব্যাংক ঋণ সম্পর্কে বর্ণনা করো।

**ঘ** 'স্থায়ী বিনিয়োগের ক্ষেত্রে সাধারণত মালিকের নিজস্ব মূলধন বা ব্যবসায়ের নিজস্ব তহবিল ব্যবহার করা হয়'— ব্যাখ্যা করো।

**প্রশ্ন ▶১২** মি. আকাশ মনে করেন প্রতিষ্ঠানের অর্থের প্রয়োজন মিটানোর জন্য বিভিন্ন উৎস থেকে তহবিল সংগ্রহ করতে হয়। তবে উৎস নির্বাচনের ক্ষেত্রে উৎসের সুবিধা-অসুবিধা বিবেচনা করা প্রয়োজন। কেননা একেক ধরনের প্রকল্প ও প্রয়োজনের প্রেক্ষিতে একেক ধরনের উৎস কার্যকর ভূমিকা পালন করে। ◀ *শিখনফল-২ ও ৫*

ক. লিজিং কী? ১
খ. বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ২
গ. তহবিলের উৎস নির্বাচনের ক্ষেত্রে কী কী বিষয় বিবেচনায় আনা প্রয়োজন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. তহবিল সংগ্রহের ক্ষেত্রে মি. আকাশের চিন্তাধারা কতটা যুক্তিযুক্ত বিশ্লেষণ করো। ৪

### ১২ নং প্রশ্নের উত্তর

**ক** যে পদ্ধতিতে সম্পত্তি সরাসরি না কিনে নির্দিষ্ট ভাড়ার বিনিময়ে ব্যবহার করা যায় তাকে লিজিং বলে।

**খ** বিশেষ খাতের উন্নয়নের লক্ষ্যে সরকারি ভাবে যে আর্থিক প্রতিষ্ঠান গড়ে তোলা হয় তাকে বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান বলে।

সাধারণত কিছু বিশেষ খাতের উন্নয়নে এ ধরনের আর্থিক প্রতিষ্ঠান কাজ করে। বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান নির্দিষ্ট খাতে অপেক্ষাকৃত সুবিধাজনক শর্তে মেয়াদি ঋণ দিয়ে থাকে। উদাহরণস্বরূপ: শিল্প ব্যাংক, কৃষি ব্যাংক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প ইত্যাদি প্রতিষ্ঠান উল্লেখযোগ্য।

***সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** অর্থায়নের উৎস নির্বাচনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ বর্ণনা করো।

**ঘ** প্রকল্পের ধরন বিবেচনায় অর্থায়নের উৎস নির্বাচনের গুরুত্ব আলোচনা করো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. কোনটির বিপরীতে ব্যাংক বা অপ্রাতিষ্ঠানিক উৎস থেকে বন্ধকী ঋণ গ্রহণ করা যাবে না?**
K কারখানার দালান L ব্যবসায়ের সুনাম
M কাঁচামাল N মজুদ পণ্য

**২. মজুতমাল বন্ধকীকরণ কোন ধরনের অর্থায়নের ক্ষেত্রে ব্যবহার করা হয়?**
K স্বল্পমেয়াদি L মধ্যমেয়াদি
M দীর্ঘমেয়াদি N চলতি মেয়াদি

**৩. XYZ লি. ২০১২ সালে ২,৪০,০০০ টাকা মুনাফা অর্জন করে। কোম্পানি ২,০০,০০০ টাকা লভ্যাংশ ঘোষণা করলে কোম্পানির ২০১২ সালের অবণ্টিত মুনাফা কত টাকা?**
K ২,০০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ২,৪০,০০০ টাকা N ৪,৪০,০০০ টাকা

**৪. A নামক একটি প্রতিষ্ঠান সম্প্রতি শেয়ার বিক্রয়ের মাধ্যমে ১০ কোটি টাকার তহবিল সংগ্রহ করেছে। A প্রতিষ্ঠানের ধরন কোনটি?**
K একমালিকানা L অংশীদারি
M কোম্পানি N সমবায়

**৫. ব্যবসায় প্রতিষ্ঠানগুলো বিভিন্ন উৎস থেকে অর্থায়ন করে। কারণ—**
i. ব্যবসায়ের ধরনের ভিন্নতা
ii. ব্যবসায়ের উদ্দেশ্যের ভিন্নতা
iii. ব্যবসায়ের সুনামের অভাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. দৈনন্দিন প্রয়োজনে তহবিল সংগ্রহের উৎস হলো—**
i. বাকিতে পণ্য ক্রয়
ii. স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ
iii. শেয়ার বিক্রি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. ব্যবসায়ীরা সাধারণত স্থায়ী বিনিয়োগের জন্য কোথা থেকে অর্থ সংগ্রহের চেষ্টা করেন?**
K শেয়ার বিক্রয় থেকে L ব্যাংক ঋণ হতে
M নিজস্ব সঞ্চয় হতে N ব্যবসায় ঋণ হতে

**৮. ব্যবসায় করার জন্য যে তহবিলের প্রয়োজন হয় তা সরবরাহ করাকে কী বলে?**
K ব্যবসায় অর্থায়ন L ব্যবসায়িক খরচ
M ব্যবসায়িক সম্পদ N ব্যবসায়িক আয়

**৯. ভবিষ্যৎ বিক্রয়ের বিপরীতে অগ্রিম গ্রহণ করা হয় কেন?**
K স্থায়ী খরচ নির্বাহের জন্য
L দৈনন্দিন খরচ নির্বাহের জন্য
M স্থায়ী সম্পদ অর্জনের জন্য
N নতুন খাতে বিনিয়োগের জন্য

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. মিলন বাড়ির গাছ বিক্রি করে ক্ষুদ্র পরিসরে একটি খুচরা ব্যবসায় শুরু করলেন। ব্যবসায়িক পণ্যের গুণগত মান ভালো হওয়ায় চারিদিকে সুনাম ছড়িয়ে পড়ল। এখন তিনি ব্যবসায়ের পরিধি এবং কিছু স্থাপনা সম্প্রসারণ করতে চান।

**১০. মি. মিলন মূলধনের কোন উৎস ব্যবহার করে ব্যবসায় আরম্ভ করেন?**
K সমবায় ব্যাংক L আত্মীয় স্বজন
M কৃষি ব্যাংক N নিজস্ব তহবিল

**১১. মি. মিলনের স্থাপনা সম্প্রসারণের জন্য মূলধন সংগ্রহের কোন উৎস ব্যবহার যুক্তিসঙ্গত?**
K সমবায় ব্যাংক L আত্মীয় স্বজন
M বাণিজ্যিক ব্যাংক N গ্রামীণ ব্যাংক

**১২. স্বল্পমেয়াদি তহবিলের অপ্রাতিষ্ঠানিক উৎস কয়টি?**
K দুই L তিন
M চার N পাঁচ

**১৩. অরিন্দম লি. ২০১৫ সালে ৩,৭০,০০০ টাকা মুনাফা অর্জন করে। কোম্পানি ৩,২৭,০০০ টাকা লভ্যাংশ ঘোষণা করলে কোম্পানির ২০১৫ সালের অবণ্টিত মুনাফা কত টাকা?**
K ৩,২৭,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৬,৯৭,০০০ টাকা N ৪৩,০০০ টাকা

**১৪. অপ্রাতিষ্ঠানিক তহবিলের উৎস কোনটি?**
K বাণিজ্যিক ব্যাংক প্রদত্ত ঋণ
L বিশেষায়িত প্রতিষ্ঠানের ঋণ
M মজুদ মালের বন্ধকীকরণ
N লভ্যাংশ সমতাকরণ তহবিল

**১৫. একমালিকানা ব্যবসায়ের উৎপাদনে ব্যবহৃত ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন কোন ধরনের তহবিলের উৎস?**
K স্বল্পমেয়াদি তহবিল
L মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ তহবিল
M বহিস্থ তহবিল
N মালিকানাভিত্তিক অভ্যন্তরীণ তহবিল

**১৬. প্রাইভেট লিমিটেড কোম্পানি—**
i. শেয়ারবাজারে শেয়ার বিক্রয় করে না
ii. জনগণকে শেয়ার ক্রয়ে আমন্ত্রণ জানায়
iii. নির্ধারিত মালিকদের মধ্যে শেয়ার বিক্রয় করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. কখন লভ্যাংশ সমতাকরণ তহবিল ব্যবহার করা হয়?**
K অধিক মুনাফা অর্জিত হলে
L দীর্ঘমেয়াদি তহবিলের অভাব হলে
M চলতি মূলধনের সংকট হলে
N লভ্যাংশ ঘোষণা করার মতো মুনাফা না থাকলে

**১৮. বড় অঙ্কের মোট মূলধনকে ছোট ছোট অংশে বিভক্ত করে শেয়ার হিসেবে বিক্রয় করে কোন ধরনের সংগঠন?**
K অংশীদারি ব্যবসায় L সমবায় সংগঠন
M প্রাইভেট লিমিটেড কোম্পানি
N পাবলিক লিমিটেড কোম্পানি

**১৯. 'XL' নামক প্রতিষ্ঠানটি সম্প্রতি শেয়ার বিক্রয়ের মাধ্যমে ২ কোটি টাকার তহবিল সংগ্রহ করেছে। 'XL' প্রতিষ্ঠানের ধরন কোনটি?**
K একমালিকানা ব্যবসায় L অংশীদারি ব্যবসায়
M কোম্পানি সংগঠন N সমবায় সমিতি

**উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।**
কালাম উদ্যোগী হয়ে পাঁচ বন্ধু মিলে সিরাজগঞ্জ-ঢাকা যাত্রীবাহী বাস সার্ভিস চালু করেছেন। তারা এ বাস সার্ভিসের নাম দিয়েছেন ফাইভ স্টার পরিবহন। তারা তাদের ফাইভ স্টার পরিবহনকে ১৯৯৪ সালের কোম্পানি আইনে নিবন্ধন করে নেন।

**২০. ফাইভ স্টার পরিবহনের পাঁচ জন মালিক হওয়ার সুবিধা কী?**
K অধিক চাহিদা থাকে
L অধিক পুঁজি সংগ্রহ করা যায়
M দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা যায়
N অধিক মুনাফা পাওয়া যায়

**২১. কালাম ও তার বন্ধুদের স্থাপিত ব্যবসায়টি কোন ধরনের কোম্পানি?**
K অংশীদারি ব্যবসায়
L পাবলিক লি. কোম্পানি
M প্রাইভেট লি. কোম্পানি
N সমবায় ব্যবসায়

**২২. বহিস্থ তহবিলের বড় অসুবিধা কোনটি?**
K বেশি হারে সুদ দিতে হয়
L সরকারকে বেশি কর দিতে হয়
M সুদ প্রদান করা বাধ্যতামূলক
N তহবিল সংগ্রহ করা কঠিন

**২৩. স্বল্পমেয়াদ বলতে কী বোঝায়?**
K এক মাসের কম সময়
L এক বছরের কম সময়
M এক যুগের কম সময়
N এক সপ্তাহের কম সময়

**২৪. রাজীব তার চালের ব্যবসায়ের জন্য রূপা ব্যাংক হতে ঋণ নিয়েছে, যার শর্ত হলো এতে কোনো নির্দিষ্ট সময় নেই এবং ব্যাংক চাওয়া মাত্রই রাজীব ঋণ পরিশোধে বাধ্য থাকবে। রাজীবের গৃহীত ঋণটি কী নামে পরিচিত?**
K স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ
L চাহিবামাত্র প্রদেয় ঋণ
M নগদ ঋণ
N মধ্যমেয়াদি ব্যাংক ঋণ

**২৫. কোন ধরনের প্রতিষ্ঠান 'চাহিবামাত্র প্রদেয় ঋণ' স্বল্প খরচে ব্যবহার করতে পারে?**
K যাদের অর্থায়নের বিকল্প উৎস আছে
L যাদের অর্থায়নে বিকল্প উৎস নেই
M যাদের বাজারে সুনাম আছে
N যাদের প্রচুর পরিমাণে মূলধন আছে

**২৬. বহিস্থ তহবিল বলতে বোঝায়—**
i. প্রতিষ্ঠানের বাইরের কোনো উৎস
ii. প্রতিষ্ঠানের ভেতরের কোনো উৎস
iii. প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক যেকোনো উৎস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. মজুদ মাল বন্ধকীকরণ করা হয় কেন?**
K স্বল্পমেয়াদি অর্থসংস্থানের জন্য
L মধ্যমেয়াদি অর্থসংস্থানের জন্য
M দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের জন্য
N ব্যাংক ঋণ পাওয়ার জন্য

**২৮. কোন ধরনের ঋণ সাধারণত কৃষিনির্ভর?**
K বৃহৎ ঋণ L মাঝারি ঋণ
M স্বল্পমেয়াদি ঋণ N ক্ষুদ্র ঋণ

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
সনত কুন্ডু অল্প সময়ের মধ্যেই ব্যবসায়িক সুনাম অর্জন করেছেন বেশ। সব সময় তার প্রতিষ্ঠানে ক্রেতার ভিড় লেগেই আছে। মালামাল প্রাপ্তির নিশ্চয়তার জন্য ক্রেতারা তাকে পণ্যের আগাম মূল্য সরবরাহ করে থাকে। এতে করে তার মূলধনের ঘাটতি হয় না। আবার বাণিজ্যিক ব্যাংক থেকেও প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করে থাকেন।

**২৯. সনত কুন্ডু ক্রেতার নিকট থেকে পণ্যের আগাম মূল্য সংগ্রহের মাধ্যমে কোন ধরনের মূলধনের সংস্থান করে থাকে?**
K নিজস্ব মূলধন L স্বল্পমেয়াদি
M মধ্যমেয়াদি N দীর্ঘমেয়াদি

**৩০. সনত কুন্ডু বাণিজ্যিক ব্যাংক থেকে কোন ধরনের মূলধনের ব্যবস্থা করে থাকেন?**
K নিজস্ব মূলধন L স্বল্পমেয়াদি
M মধ্যমেয়াদি N দীর্ঘমেয়াদি

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** ABC কোম্পানি তার প্রতিষ্ঠানে সাময়িক সময়ের জন্য ব্যাংক থেকে ঋণ নেয়। উক্ত ঋণ দ্বারা কর্মচারীর বেতন পরিশোধ করে। এছাড়াও প্রতিষ্ঠানটি কাঁচামাল সরবরাহকারী প্রতিষ্ঠান থেকে বাকিতে ক্রয় করে। উভয়ভাবে অর্থসংগ্রহের জন্য প্রতিষ্ঠানকে ঝামেলা পোহাতে হলো না।

ক. বিনিয়োগকারীগণ শেয়ারবাজারে বিনিয়োগের বিকল্প হিসেবে কী ক্রয় করেন? ১
খ. দীর্ঘমেয়াদী অর্থায়নের অভিনব পন্ধতি কী? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন কোন উৎস থেকে তহবিল সংগ্রহ করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত উৎস থেকে তহবিল সংগ্রহ করার ফলে কী ধরনের সুবিধা আছে বলে তুমি মনে করো মতামত দাও। ৪

**২.▶** জনাব আলম একজন ব্যবসায়ী। ব্যবসায়িক লেনদেনে সততার পরিচয় দেওয়ায় সকলে তাকে বিশ্বাস করে। তিনি বাজার থেকে পণ্যদ্রব্য ক্রয় করেন। নগদ অর্থের সংকট হলে মহাজনের কাছ থেকে বাকিতে ক্রয় করেন এবং পরবর্তীতে পরিশোধ করেন।

ক. PPP কী? ১
খ. লভ্যাংশ সমতাকরণ তহবিল বলতে কী বোঝায়? ২
গ. আলম মহাজনের কাছ থেকে কোন ধরনের ঋণ সংগ্রহ করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মহাজন কর্তৃক প্রদত্ত সুবিধা আলমের ব্যবসায়কে কতটা সফল করেছে? মূল্যায়ন করো। ৪

**৩.▶** জনাব নিয়ামুল হক একজন মাছের আড়তদার। ফরমালিনমুক্ত মাছ বিক্রয় করায় তিনি ক্রেতাদের কাছে বেশ জনপ্রিয়। তিনি চলনবিলের বিভিন্ন ঘের থেকে মাছ সংগ্রহ করেন। অর্থের সংকট হলে মাঝে মাঝে জনাব নিয়ামুল হক ঘের মালিকদের কাছ থেকে বাকিতে মাছ সংগ্রহ করেন। পরবর্তীতে মাছ বিক্রয় করে পাওনাদারদের অর্থ পরিশোধ করে দেন।

ক. স্বল্পমেয়াদি তহবিলের উৎস কয়টি? ১
খ. গ্রাম্য মহাজন কোন ধরনের অর্থায়ন করে? ব্যাখ্যা করো। ২
গ. জনাব নিয়ামুল হক ঘের মালিকদের কাছ থেকে কোন ধরনের ঋণ সংগ্রহ করেছেন? ৩
ঘ. ঘের মালিকদের প্রদত্ত ঋণ সুবিধা জনাব নিয়ামুল হকের মতো ব্যবসায়ীদের জন্য কতটা মঙ্গলজনক? মূল্যায়ন করো। ৪

**৪.▶** খিলখিল প্রকাশনী বই ছাপানোর মেশিন কেনার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে তহবিল সংগ্রহ করে। মেশিন কিনে তারা বই ছাপাবার কাজ অব্যাহত রাখে।

ক. অভ্যন্তরীণ তহবিল কী? ১
খ. ডিবেঞ্চার বলতে কী বোঝায়? ২
গ. খিলখিল প্রকাশনী মেশিন ক্রয় করার জন্য কোন উৎস থেকে তহবিল সংগ্রহ করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বই ছাপানোর কাজে তহবিল সংগ্রহের জন্য খিলখিল প্রকাশনীর কোন বিষয়ের প্রতি গুরুত্ব দেওয়া উচিত? বিশ্লেষণ করো। ৪

**৫.▶** রাজিন ও তার বন্ধুরা 'রাজবন্ধ' নামে একটি কোম্পানি প্রতিষ্ঠা করলেন। তারা নিজস্ব তহবিলের মাধ্যমে অর্থ সংস্থান করে ব্যবসায়ের প্রাথমিক পর্যায়ের কাজ শুরু করেন। ধীরে ধীরে ব্যবসায়ের পরিধি বৃদ্ধি পাওয়ায় অর্থ সংকট দেখা দেয়। বর্তমানে উদ্যোক্তারা বাজারে উক্ত কোম্পানির শেয়ার ছাড়ার সিদ্ধান্ত নেন।

ক. অর্থায়ন কাকে বলে? ১
খ. ঋণপত্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের উল্লেখিত কোম্পানির উদ্যোক্তাদের সরবরাহকৃত অর্থ কোন ধরনের তহবিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'রাজবন্ধ" কোম্পানির শেয়ার বাজারে ছাড়ার সিদ্ধান্ত কতটুকু যৌক্তিক? মতামতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**৬.▶** বিশিষ্ট ব্যবসায়ী রবিন সাহেবের কারখানায় একটি মেশিন লাগাবে। মেশিনটির দাম প্রায় ১৫ লক্ষ টাকা। এর আয়ুষ্কাল দশ বছর। তিনি জনতা ব্যাংক থেকে প্রস্তাব পান যে, ব্যাংকের টাকা একটি নির্দিষ্ট সুদে ১২৫ কিস্তিতে পরিশোধ করতে হবে। অন্যদিকে একটি লিজিং কোম্পানি মেশিনটি মেরামত ও রক্ষণাবেক্ষণ করার পাশাপাশি সেই একই পরিমাণ কিস্তিতে এবং সমান টাকায় তাকে মেশিনটি ভাড়া দেওয়ার প্রস্তাব করে।

ক. পাবলিক লিমিটেড কোম্পানির উদ্যোক্তার সর্বনিম্ন সদস্য সংখ্যা কত? ১
খ. 'স্বল্পমেয়াদি অর্থ আদান প্রদানের প্রক্রিয়াটি সবচেয়ে দ্রুততম ও সরল প্রক্রিয়া' — ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে রবিন সাহেবের জন্য কোন প্রস্তাবটি লাভজনক হবে— ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত দুটি উৎসই দীর্ঘমেয়াদি অর্থায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে— বিশ্লেষণ করো। ৪

**৭.▶** কর্মসংস্থান ব্যাংক একটি স্বনামধন্য ব্যাংক। ব্যাংকটি তার সুনাম রক্ষা করার জন্য প্রতিবছর শেয়ার হোল্ডারদের লভ্যাংশ প্রদান করে। ২০১৪ সালে ব্যাংকটি অধিক মুনাফা অর্জন করল। ২০১৫ সালে ব্যাংকটির মুনাফা কম হওয়ায় ব্যাংক কর্তৃপক্ষ তাদের তহবিল থেকে নির্দিষ্ট হারে লভ্যাংশ প্রদান করতে সক্ষম হলো।

ক. লভ্যাংশ প্রদান অনুপাত নীতি কী? ১
খ. কীভাবে শেয়ার বাজারের অনুপাত বা সূচক কমে বা বাড়ে? ২
গ. কর্মসংস্থান ব্যাংক ২০১৪ সালের মুনাফা দিয়ে কী ধরনের তহবিল সৃষ্টি করল? ৩
ঘ. কর্মসংস্থান ব্যাংকের ২০১৫ সালের পরিস্থিতি মোকাবেলায় গৃহীত পদক্ষেপ কতটা সমর্থনযোগ্য বলে তুমি মনে করো? ৪

**৮.▶** মি. চৌধুরী তার কয়েকজন বন্ধু মিলে একত্রে 'দিবারাত্রি' নামে একটি ব্যবসায় পরিচালনা করেন। ব্যবসায়ের কিছু প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়ের জন্য তারা অভ্যন্তরীণ উৎস থেকে তহবিল সংগ্রহ করেন। চলতি বছর গত বছরের তুলনায় মুনাফার পরিমাণ বেশি হয়েছে। তাই তারা সিদ্ধান্ত নিয়েছে এ বছর লভ্যাংশের পরিমাণ বাড়িয়ে দিবে।

ক. অবন্টিত মুনাফা কী? ১
খ. সঞ্চিতি তহবিল বলতে কী বোঝায়? ২
গ. দিবারাত্রি প্রতিষ্ঠানটি কীভাবে অভ্যন্তরীণ উৎস থেকে তহবিল সংগ্রহ করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. লভ্যাংশ প্রদানের ক্ষেত্রে মি. চৌধুরী ও তার বন্ধুদের গৃহীত পরিকল্পনাটি কতটুকু যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

**৯.▶** মি. আশরাফুল গার্মেন্টস শিল্প মালিক এবং রপ্তানিকারক। তিনি বাংলাদেশ উন্নয়ন ব্যাংক থেকে ৪ বছরের জন্য ঋণ নিয়ে কারখানা প্রতিষ্ঠা করেছেন। বিদেশ থেকে কাপড় ও উপকরণাদি সংগ্রহ করতে গিয়ে তার প্রচুর অর্থের প্রয়োজন হওয়ায় তিনি আমদানিকারক কর্তৃক প্রেরিত প্রত্যয়পত্রের বিপরীতে ঋণ নেন। আমদানিকারক বরাবর তিনি জাহাজি দলিলের সাথে যে বিল পাঠান তা স্বীকৃত হয়ে আসলে তা তিনি ব্যাংক থেকে অগ্রিম ভাঙিয়ে ব্যাংকের ঋণ পরিশোধ করেন।

ক. প্রাইভেট লিমিটেড কোম্পানির উদ্যোক্তা সংখ্যা কত? ১
খ. ঋণপত্র বলতে কী বোঝায়? ২
গ. মি. আশরাফুল প্রথমে ব্যাংক থেকে যে ঋণ নিয়েছেন তা কোন ধরনের অর্থসংস্থান? বর্ণনা করো। ৩
ঘ. মি. আশরাফুল পরবর্তীতে গৃহীত ঋণ পরিশোধে যে উৎস ব্যবহার করেছেন তার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

**১০.▶** মিসেস আনোয়ারা সিদ্ধান্ত নিয়েছেন ব্যবসায় করবেন। কিন্তু তার কাছে মূলধন যা রয়েছে তা পর্যাপ্ত নয়। তাই তিনি প্রয়োজনানুযায়ী বহিঃস্থ উৎস হতে মধ্যমেয়াদি তহবিল সংগ্রহ করতে চাচ্ছেন। তিনি ব্যাংক ঋণের ব্যাপারে তার এক ব্যবসায়িক বান্ধবী শরীফার সাথে কথা বললে তিনি বলেন, দীর্ঘমেয়াদি তহবিল সংগ্রহের উৎস হিসেবে বাণিজ্যিক ব্যাংক তেমন অবদান রাখে না।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. ব্যাংক ঋণের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২
গ. মিসেস আনোয়ারা কীভাবে তার প্রয়োজনীয় তহবিলটি সংগ্রহ করতে পারেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. দীর্ঘমেয়াদি তহবিল সম্পর্কে শরীফার বক্তব্যটির কারণ বিশ্লেষণ করো। ৪

**১১.▶** সোনার বাংলা ট্রান্সপোর্ট কোম্পানির ৫০টি ভলভো বাস ক্রয়ের জন্য দীর্ঘমেয়াদি আর্থিক সহায়তার প্রয়োজন হয়। প্রতিষ্ঠানটি শেয়ারের বিকল্প অর্থায়নের ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে বড় অঙ্কের ঋণকে ছোট ছোট অংশে বিভক্ত করে বিক্রয় করে। তাদের বহরে অধিক ভলভো বাস সার্ভিস যোগ হওয়ায় প্রতিষ্ঠানটির মুনাফা বেড়ে গেল। তাই তারা স্থির হারে সর্বপ্রথম আর্থিক সহায়তাকারীদের প্রাপ্ত সুদ পরিশোধ করে।

ক. বিক্রয়যোগ্য কাঁচামাল কোন ধরনের সম্পত্তি? ১
খ. সঞ্চিতি তহবিল বলতে কী বোঝায়? ২
গ. সোনার বাংলা ট্রান্সপোর্ট কোম্পানি অর্থায়নের কোন মাধ্যম ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সোনার বাংলা ট্রান্সপোর্ট কোম্পানির শেয়ারের বিকল্প অর্থায়ন কতটা সুবিধা নিশ্চিত করবে তা মূল্যায়ন করো। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | L | ৪ | M | ৫ | K | ৬ | K | ৭ | K | ৮ | K | ৯ | L | ১০ | N | ১১ | M | ১২ | M | ১৩ | M | ১৪ | M | ১৫ | N |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | N | ১৯ | M | ২০ | L | ২১ | M | ২২ | M | ২৩ | L | ২৪ | L | ২৫ | K | ২৬ | L | ২৭ | K | ২৮ | N | ২৯ | L | ৩০ | L |